

গণপ্রজাতন্ত্রীবাংলাদেশসরকার  
সড়কপরিবহন ও সেতুমন্ত্রণালয়  
সেতুবিভাগ  
বাংলাদেশসেতুকর্তৃপক্ষ  
সেতুভবন, বনানী, ঢাকা-১২১২  
www.bba.gov.bd

স্মারক নম্বরঃ ৫০.০১.০০০০.১০৩.০৮.০২২.১৯-৪৫০


তারিখ : ২৫ শ্রাবণ ১৪২৭  
০৯ আগস্ট ২০২০

**প্যানেল আইনজীবী তালিকা ভুক্তির বিজ্ঞপ্তি**

বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের বিভিন্ন মামলাসমূহ এবং এর আওতাধীন প্রকল্পে ঢাকা, চট্টগ্রাম, মুস্তাগ়ি, মাদারীপুর, শরীয়তপুর, গাজীপুর, টাঙ্গাইল এবং সিরাজগঞ্জসহ দেশের বিভিন্ন জেলা জেজ আদালত, ট্রাইবুনাল এবং অধিস্থন দেওয়ানী ও ফৌজদারী আদালত এবং বাংলাদেশ সুপ্রীম কোর্টের আগীল বিভাগ ও হাইকোর্ট বিভাগে দায়েরকৃত মামলাসমূহ পরিচালনা ও প্রতিদ্বন্দ্বিতা এবং সরকারী স্বার্থ রক্ষার্থে প্যানেল আইনজীবী তালিকাভুক্তির লক্ষ্যে আগ্রহী বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শর্তে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

**শর্তাবলীঃ**

- ১। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের না রিক হতে হবে।
- ২। আগ্রহী আইনজীবীগণকে পূর্ণাঙ্গ জীবন-বৃত্তান্ত, সদ্যতোলা ০৩ (তিনি) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি, নাগরিকত্বের সনদপত্র/জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতঃ নির্বাহী পরিচালক, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ, সেতু ভবন, বনানী, ঢাকা-১২১২ বরাবর ঠিকানায় আগামী ১০ সেপ্টেম্বর ২০২০ তারিখের মধ্যে পৌছাতে হবে।
- ৩। (ক) সুপ্রীম কোর্টের প্যানেল আইনজীবী তালিকায় অর্ভভূক্তির জন্য একজন আইনজীবীকে বাংলাদেশ বার কাউন্সিলের সনদ অর্জনসহ সুপ্রীমকোর্টে ন্যূনতম ১০ বছরের উর্ধ্বকাল সক্রিয়ভাবে আইন পেশায় নিয়োজিত থাকতে হবে।  
(খ) জেলা জেজ আদালতসহ অন্যান্য অধিস্থন আদালত এবং ট্রাইবুনালসমূহে প্যানেলআইনজীবী তালিকায় অর্ভভূক্তির জন্য একজন আইনজীবীকে বাংলাদেশ বার কাউন্সিলের সনদ অর্জনসহ সংশ্লিষ্ট আইনজীবী সমিতিতে ন্যূনতম ১০ বছরের উর্ধ্বকাল সক্রিয়ভাবে আইনপেশায় নিয়োজিত থাকতে হবে।
- ৪। প্যানেলভুক্ত আইনজীবীগণ কোন প্রকার বেতন-ভাতা/সম্মানী/রি-টেইনার ফি প্রাপ্ত হবেন না। শুধুমাত্র মামলা পরিচালনা বাবদ বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের আইনশাখা কর্তৃক নির্ধারিত খাতওয়ারী ফি প্রাপ্ত হবেন। মামলা পরিচালনার জন্য সরকার নির্ধারিত সকল প্রকার ভ্যাট/ট্যাঙ্ক কর্তনপূর্বক আইনশাখা কর্তৃক নির্ধারিত ফি প্রদান করা হবে।
- ৫। প্রত্যেক প্যানেল আইনজীবীর নিয়োগের মেয়াদ হবে ২ (দুই) বছর (নিয়োগ পত্র ইস্যুর তারিখ হতে)। তবে যে কোন পক্ষ ১ (এক) মাসের নোটিশ প্রদান সাপেক্ষে এই নিয়োগ রহিত/বাতিল করিতে পারবেন এবং উক্ত নিয়োগের মেয়াদান্তে তালিকাভুক্ত প্রত্যেক আইনজীবীর বিগত বছরের পারফরমেন্স বিবেচনা পূর্বক পুনঃনিয়োগ/মেয়াদ বৃক্ষি করা হবে।
- ৬। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন আবেদন অথবা সকল আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে। প্যানেল আইনজীবীগণের তালিকাভুক্তির বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ৭। বর্ণিত পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের পর সিডিউল বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের প্রধান কার্যালয়, সেতু ভবন, বনানী, ঢাকা হতে সংগ্রহ করা যাবে।
- ৮। কোন আবেদনকারী একাধিক প্রতিষ্ঠানে প্যানেল আইনজীবী হিসেবে নিযুক্ত থাকলে উক্ত প্রতিষ্ঠানের ঠিকানাসহ কার্যকালের বিস্তারিত বিবরণ আদেনপত্রে উল্লেখ করতে হবে

  
(আরিফুজ্জামান)  
উপপরিচালক (প্রশাসন)  
৫৫০৮০৩১৮ ৫৫০৮০৮৮৮  
✉ dd-admin@bba.gov.bd